**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**19 NOVEMBER 2024** **7:35 AM IST**

================================================================

সান্ধ্য আইনের কবলে থাকা মনিপুরের পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রনে থাকলেও কিছু কিছু স্থানে এখোনো উত্তেজনা অব্যাহত রয়েছে ।গত সপ্তাহে উগ্রপন্থীর অপহরণ করা ছজন লোকের মধ্যে পাচ জনের মৃতদেহ উদ্ধারের পর জিরিবামে গতকাল ব্যাপক প্রতিবাদের সৃষ্টি হয় । পরিস্থিতি নিয়ন্ত্রনের জন্য নিরাপত্তা বাহিনী গুলীচালনা করায় একজন প্রতিবাদী আহত হয় ।রাতের দিকে সশস্ত্র দৃষ্কৃতকারীরা জিরিবামে কংগ্রেস ও বিজেপি উভয় দলের কার্যালয়ে অগ্নি সংযোগ করে বলে খবর পাওয়া গেছে ।

---

**এদিকে** কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর সঞ্চালক প্রধান অনিশ দয়াল সিং হয়ে **গতকাল**ইম্ফালে পুলিশ ও নিরাপত্তা বাহিনীর শীর্ষ আধিকারিকদের সঙ্গে রাজ্যের পরিস্থিতি নিয়ন্ত্রণের কৌশল সম্পর্কে আলোচনা করেন । মণিপুরের সাম্প্রতিক উত্তেজনপূর্ণ পরিস্থিতির প্রভাব রাজ্যের রাজনীতিতেও পরিলক্ষিত হয়েছে ।আজ জিরিবামের বিজেপির

জেলা পর্যায়ের ৮ জন কর্মকর্তা দল ত্যাগ করার কথা ঘোষণা করেছেন ।এন বীরেন সিং নেতৃত্বাধীন সরকারের প্রতি কনরাড সাংমা নেতৃত্বাধীন এন পি পির ৭ জন বিধায়ক সমর্থন প্রত্যাহার করার কথা গতকাল ঘোষনা করেছেন । এদিকে সরকারের প্রতি নিঃশর্ত সমর্থন প্রদান করা নাগা পিপলস ফ্রন্ট রাজ্যের সাম্প্রতিক পরিস্থিতিতে তাদের সরকারের প্রতি সমর্থন কোনোভাবেই প্রত্যাহার করবে না বলে স্পষ্ট করে দিয়েছে । **গতকাল** বিকেলে ইম্ফালে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রাজ্য এন পি এফ নেতৃত্ব বলেছে যে মণিপুরের পরিস্থিতির জন্য কেবল সরকারই দায়ী নয় ,এরসঙ্গে বেশকয়েকটি তৃতিয় পক্ষ জড়িত রয়েছে । রাজ্য বিধানসভায় ৩২ জন বিধায়কের সমর্থন লাভ করা এন বীরেন সিং সরকারের প্রতি এপর্যন্ত কোনো হুমকি না আসলেও পরবর্তী কয়েকদিনে দলের মধ্যে নেতৃত্ব পরিবর্তনের দাবী অধিক শক্তিশালী হয়ে ওঠার সম্ভাবনা রয়েছে বলে রাজনৈতিক পর্যবেক্ষকরা ধারণা করছেন ।

এদিকে কাছাড় জেলার বরাক নদীতে গতকাল উদ্ধার হওয়া মহিলার মৃতদেহটি মণিপুরে কুকি উগ্রপন্থীর অপহরণ করা ৬ জন লোকের মধ্যে একজন বলে সন্দেহ করা হচ্ছে । ইম্ফালের পুলিশ সূত্রে একথা জানানো হয়েছে ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লীতে মণিপুরের সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হন । বৈঠকে স্বরাষ্ট্র মন্ত্রী মণিপুরের সাম্প্রতিক পরিস্থিতির পর্যালোচনা করে রাজ্যে শান্তি ও জনসাধারণের নিরাপত্তা সুনিশ্চিত করার

ওপর গুরুত্ব আরোপ করেন । একটানা দ্বিতীয় দিনের জন্য মণিপুরের পরিস্থিতি পর্যালোচনা করা স্বরাষ্ট্রমন্ত্রী আজকের বৈঠকে মণিপুরে কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর অতিরিক্ত ৫০ টি ব্যাটেলিয়ন প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করেন । উল্লেখ্য মণিপুরের পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় সরকার বেশকয়েকদিন পূর্বে রাজ্যে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর ২০ টি কোম্পানী প্রেরন করেছিলো ।

আগেই জানানো হয়েছে যে গত সপ্তাহে মণিপুরে সংঘটিত হিংসাত্মক ঘটনার তিনটি মামলা অনুসন্ধানের জন্য জাতীয় অনুসন্ধান সংস্থা ..... এন আই একে দায়িত্ব অর্পণ করা হয়েছে ।

---

সর্বভারতীয় সংযুক্ত গণতান্ত্রিক মোর্চা এ আই ইউ ডি এফের সভাপতি তথা প্রাক্তন সাংসদ বদরুদ্দিন আজমল আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের কাছে মণিপুরের হিংসাত্মক পরিস্থিতি নিয়নত্রণের ক্ষেত্রে হস্তক্ষেপ কামনা করে পৃথক পৃথক পত্র প্ররণ করেন । পত্রে তিনি মণিপুরে অব্যাহত থাকা হিংসা ও অশান্তি সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেন । সেইসঙ্গে মণিপুর সরকার হিংসা রোধ করতে ব্যর্থ হবার জন্য জবাবদিহি করতে প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীকে আহ্বান জানিয়েছেন । ভারত সরকার মণিপুরে শান্তি এবং ন্যায় পুনরুদ্ধারের জন্য প্রয়জনীয় সব ব্যাবস্থা গ্রহণ করবে বলে বদরুদ্দিন আজমল পত্রে আশা ব্যাক্ত করেন ।

---

মৃতুঞ্জয় ১০৮ এমবুলেন্স সেবা রাজ্যে ১৭ বছর পূর্ন করলো । রোগীর জরুরীকালীন অবস্থায় পূর্ন সহায়তার লক্ষে ১০৮ এমবুল\লন্স সেবা এপর্যন্ত ৬৬ লক্ষের ও বেশী জরুরীকালীন সেবা প্রদান করা সহ ২ লক্ষের ও বেশী রোগীর প্রাণ রক্ষা করায় সাফল্যের সংগে সহযোগীতা করেছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা মৃত্যুঞ্জয় সেবার ১৭ বছর সম্পূর্ন হোয়ার কথা উল্লেখ করে রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রে উত্তোরণের ক্ষেত্রে জনসাধারণের সহযোগীতার জন্য কৃতজ্ঞতা জানান । উল্লেখ্য রাজ্যে সমপ্রতি
৭টি জলে চলা এমবুলেন্সে সেবা প্রদান করা সহ ৮০০ র বেশী এমবুলেন্স সেবা প্রদান করা হচ্ছে ।

---

রাজ্যের গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস আগামী বৈশাখ মাসে অনুষ্ঠেয় ( বহাগ) বিহুর পূর্বে রাজ্যের পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন । শ্রী দাসের তথ্য অনুসারে পঞ্চায়েত নির্বাচনের জন্য প্রয়োজনীয় খসড়া ভোটার তালিকা প্রস্তুত করার কাজ অব্যাহত রয়েছে এবং আগামী ১৫ ডিসেম্বরের পূর্বে এই ভোটার তালিকা প্রস্তুত করার কাজ সম্পন্ন করা হবে ।

---

নবজাতকের সুরক্ষা এবং শিশু নিউমোনিয়া প্রতিরোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে আজ করিমগঞ্জ শহরে এক সচেতনতা র‍্যালীর আয়োজন করা হয় । জেলা স্বাস্থ্য সমিতির উদ্যোগে আয়োজিত এই র‍্যালীর মাধ্যমে

নবজাতক সুরক্ষা সপ্তাহ এবং শিশু নিউমোনিয়া প্রতিরোধ কর্মসূচী সম্পর্কে জনসাধারণকে সচেতন করা হয় ।অতিরিক্ত মূখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিক ডা:মতীন্দ্র সূত্রধর এই র‍্যালীর সূচনা করেন । র‍্যালীটি করিমগঞ্জ সিভিল হাসপাতাল থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে ।